



# Cosmo School

লেকচারশীট-১

শ্রেণি:পঞ্চম

বিষয়:বাংলা

অধ্যায়: হাতি আর শেয়ালের গল্প

তারিখ: ০৪/১০/২০

গল্পটি সম্পর্কে যে বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে

- বন জঙ্গলের পরিবেশের বর্ণনা
- বনে বসবাসকারী বিভিন্ন পশুপাখির বর্ণনা
- অহংকার করার পরিণতি ব্যাখ্যা
- শক্তির চেয়ে বুদ্ধি বড়-এ বিষয়টি ব্যাখ্যা

গল্পটি সম্পর্কে অল্প কথায় জেনে নেই:

অনেকদিন আগে এক সুন্দর সবুজ বনে পশুদের রাজত্ব ছিল। বনের পশু-পাখিরা সেখানে আনন্দের সাথে দিন কাটাচ্ছিল। হঠাৎ একদিন এক মস্ত হাতি চুকে পড়ল সে বনে। সে যেমন ছিল অহংকারী, তেমনি তার মেজাজও ছিল তিরিষ্কি। বিশাল শরীর আর শক্তির জোরে সে বনের অন্য সকল প্রাণীর ওপর অত্যাচার শুরু করল। এর একটা বিহিত করতে বনের সব পশুপাখি জড়ো হলো সিংহের গুহায়। সবার চেয়ে বুদ্ধিমান বলে সমস্যা সমাধানের দায়িত্ব পড়ল শিয়ালের ওপর। শিয়াল কৌশলে হাতিটাকে ডেকে নদীর তীরে নিয়ে আসল। শিয়ালের বুদ্ধির ফাঁদে পা দিয়ে নদীতে ডুবে মৃত্যু হলো অত্যাচারী হাতির। বনে আবার শান্তি ফিরে এলো।

\*শিক্ষার্থীরা গল্পের (প্রথম অংশ) সে অনেক -অনেক দিন আগের কথা।.....

.....  
..... কারো মনে শান্তি নেই ।

আমার বাংলা বই( ১৬পৃষ্ঠা ও ১৭ পৃষ্ঠা)

### পঠিত অংশ থেকে নতুন শব্দের অর্থ:

দিগন্ত=প্রান্তরের শেষে আকাশ যেখানে গিয়ে মাটির সাথে মিশে গেছে বলে মনে হয় ।

লোকালয়=যেখানে মানুষজন বসবাস করে ।

রাজত্ব=সর্বময় কর্তৃত্ব ।

তিরিক্ষি=খারাপ মেজাজ,রগচটা ।

তোলপাড়=এলোমেলো ।

হুঙ্কার=চিৎকার ।

মেদিনী=পৃথিবী ।

মস্ত=বিশাল ।

তুলকালাম=তুমুল ঝগড়া,বাগাড়ম্বর ।

শক্তিধর=শক্তি আছে যার ।

তটস্থ=ব্যতিব্যস্ত ।

শঙ্কিত=ভীত ।

### \*পড়ানো অংশ থেকে এক বাক্যের উত্তর দাও :

১. বনের পশুদের ওপর অশান্তি নেমে আসার কারণ কী?
২. মানুষ যখন সভ্য হচ্ছে তখন মিলেমিশে থাকার প্রয়োজনীয়তা দেখা দিল কেন?

৩. সবাই মিলে শিয়ালকে দায়িত্ব দিল কেন?
৪. শিয়াল কীভাবে বনের পশু পাখিকে রক্ষা করল?
৫. হাতি আসার পূর্বে বনের পরিবেশ কেমন ছিল?
৬. শিয়াল হাতিকে শাস্তি না দিলে বনের পশু পাখিদের কী হতো ব্যাখ্যা কর।
৭. অত্যাচারী ও অহংকারীর পরিণাম শেষ পর্যন্ত কী হল?
৮. হাতি আর শেয়ালের গল্পেটিতে মানুষ কোথায় থাকত?
৯. জঙ্গলে ঢুকে পড়া হাতির অহংকার কী নিয়ে ছিল?
১০. হাতির মেজাজ কেমন ছিল?
১১. হাতিটির চিংকার শুনে গুরুর পোকার দল কোথায় লুকিয়ে ছিল?
১২. মেদিনী অর্থ কী?
১৩. বনের সবাই কার ভয়ে তটস্থ থাকে?

**বোর্ড বইয়ের অনুশীলনীর শব্দার্থ পড়বে**

**\*যুক্তবর্ণ ভেঙে শব্দ গঠন ও বাক্য গঠন কর:**

ঙ্গ, ভ্য, ত্ব, প্র, জ্ঞ, স্ব, ঙ, ঙ্গ, ঙ্গ, ঙ্গ, ঙ্গ, ঙ্গ

**সমার্থক শব্দ করবে:**

প্রদত্ত শব্দ	সমার্থক শব্দ
উন	
আকাশ	
পাখি	
হাতি	
মেদিনী	
রাজা	
নদী	
শরীর	
গাছ	
শঙ্কিত	
পানি	

সাহানা পারভীন সুমি

